…ক বাংলা
৪

২৩।১১।৮১

# ডিগ্রী পরীক্ষা কেন্দ্র বাতিলের প্রতিবাদে চাঁদপুরে বিক্ষোভ

(নিজস্ব সংবাদদাতা প্রেরিত)

চাঁদপুর, ২১শে নবেম্বর।— চাঁদপুর সরকারী কলেজের ডিগ্রী পাস পরীক্ষা কেন্দ্র বাতিলের প্রতিবাদে কলেজের ছাত্র সংসদসহ বিভিন্ন ছাত্র সংগঠনের আহ্বানে কলেজের ছাত্ররা আজ ধর্মঘট পালন করে। ধর্মঘটী ছাত্ররা কলেজ মাঠে এক সভায় মিলিত হয়ে স্থগিত পরীক্ষাসমূহ চাঁদপুর কলেজ কেন্দ্রে অনুষ্ঠানের দাবী জানিয়েছে। সভায় সভাপতিত্ব করেন ছাত্র সংসদের সহসভাপতি কাজী গোলাম মোস্তফা।

কলেজ কেন্দ্রে ২৬শে অক্টোবর এক অপ্রীতিকর ঘটনার প্রেক্ষিতে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় কর্তৃক 'চাঁদপুর কলেজ কেন্দ্রে পরীক্ষার পরিবেশ নাই,' এই মর্মে বিশ্ববিদ্যালয় পরিদর্শক দলের প্রতিবেদনের পরিপ্রেক্ষিতে চাঁদপুর সরকারী কলেজের ডিগ্রী পরীক্ষা কেন্দ্র ৯ই নবেম্বর থেকে বাতিল ঘোষণা করে। এদিকে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ স্থগিত পরীক্ষাসমূহ ২রা ডিসেম্বর হতে পুরুষ পরীক্ষার্থীদের পরীক্ষা চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় কেন্দ্রে এবং মহিলাদের পরীক্ষা কুমিল্লা সরকারী মহিলা কলেজে করার ব্যবস্থা করে।

সভায় অপ্রীতিকর ঘটনার জন্য দুঃখ প্রকাশ করে দোষী ব্যক্তির বিরুদ্ধে দৃষ্টান্তমূলক শাস্তি দাবী করা হয়, তারা উল্লেখিত ঘটনার জন্য বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের কাছে ক্ষমা প্রার্থনা করে। তাদের দাবী না মানা পর্যন্ত ধর্মঘট চলবে।